রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বুধবার, জুলাই ২৭, ২০০৫

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়**

**স্থানীয় সরকার বিভাগ**

**প্রজ্ঞাপন**

তারিখ, ১০ শ্রাবণ ১৪১২/২৫ জুলাই ২০০৫

**এস,আর,ও নং-২২৭/আইন/২০০৫।**—বরিশাল সিটি কর্পোরেশন আইন, ২০০১ (২০০১ সনের ১১নং আইন) এর ধারা ৭৬ এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার নিম্নরূপ আদর্শ কর তফসিল প্রণয়ন করিল, যথা ঃ—

১। **সংক্ষিপ্ত শিরোনাম ও প্রয়োগ।**—(১) এই তফসিল বরিশাল সিটি কর্পোরেশন আদর্শ কর তফসিল, ২০০৫ নামে অভিহিত হইবে।

(২) ইহা বরিশাল সিটি কর্পোরেশনের ক্ষেত্রে প্রযোজ্য হইবে।

২। **সংজ্ঞা।**—বিষয় বা প্রসংগের পরিপন্থী কিছু না থাকিলে, এই তফসিলে—

(ক) **"অনুমোদনকারী কর্তৃপক্ষ"** অর্থ গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার;

(খ) **"আইন"** অর্থ বরিশাল সিটি কর্পোরেশন আইন, ২০০১ (২০০১ সনের ১১নং আইন);

(গ) **"কর্পোরেশন"** অর্থ বরিশাল সিটি কর্পোরেশন।

৩। **সাধারণ নির্দেশাবলী।**—(১) আইনের বিধানাবলী ও উহার অধীন প্রণীত বিধিমালা এবং অনুমোদনকারী কর্তৃপক্ষের পূর্বানুমোদন সাপেক্ষে, কর্পোরেশন যে কোন কর, রেইট, সেস্‌স, টোল বা ফি আরোপ করিতে পারিবে।

(২) এই তফসিলে নির্ধারিত হইবার পর কর হার পরিবর্তনের ক্ষেত্রে অনুমোদনকারী কর্তৃপক্ষের অনুমোদন গ্রহণ করিতে হইবে এবং কর্পোরেশন এই তফসিলে নির্ধারিত হারের অতিরিক্ত কর, রেইট, সেস্‌স, টোল বা ফি আদায় করিতে পারিবে না।



মূল্য ঃ টাকা ১২.০০

(৩) সরকার, আইনের অধীন, যে তারিখ নির্দিষ্ট করিবে সেই তারিখ হইতে কর, রেইট, সেস্‌স, টোল বা ফি আরোপ অথবা উহাদের পরিবর্তন কার্যকর হইবে।

৪। **ইমারত এবং ভূমির উপর কর।**—ইমারত এবং ভূমির বাৎসরিক মূল্যের উপর অনধিক ৭% হারে কর আরোপ করা যাইবে এবং করের পরিমাণ এক টাকার কম হইলে উহা পূর্ণ টাকায় নির্ধারণ করিতে হইবে ঃ

তবে শর্ত থাকে যে, কোন ইমারত বা ভূমি ধর্মীয় প্রতিষ্ঠান হিসাবে ব্যবহৃত হইলে উহা হইতে কর আদায় করা যাইবে না ঃ

আরও শর্ত থাকে যে, কোন ধর্মীয় প্রতিষ্ঠানের ভূমি বা ইমারতের কোন অংশ বাণিজ্যিক উদ্দেশ্যে ব্যবহৃত হইলে উক্ত ভূমি বা অংশ হইতে কর আদায়যোগ্য হইবে।

৫। **স্থাবর সম্পত্তি হস্তান্তর কর আরোপ।**—স্থাবর সম্পত্তি হস্তান্তরের ক্ষেত্রে হস্তান্তর দলিলে উল্লিখিত মূল্যের সর্বোচ্চ ২% হারে কর আরোপ করা যাইবে ঃ

তবে শর্ত থাকে যে, ওয়াক্‌ফ-ই-আল আওলাদ ব্যতীত নিবন্ধনকৃত ধর্মীয়, দাতব্য, ক্রীড়া বা সাংস্কৃতিক প্রতিষ্ঠানের অনুকূলে যে কোন দান ও উইল সংক্রান্ত হস্তান্তর দলিলের ক্ষেত্রে এই কর আরোপ করা যাইবে না ঃ

আরও শর্ত থাকে যে, বৈধ ঋণ পরিশোধের জন্য কোন স্থাবর সম্পত্তি হস্তান্তর দলিলের ক্ষেত্রেও এই কর আরোপ করা যাইবে না।

৬। **ইমারত নির্মাণ এবং পুনঃনির্মাণের আবেদনের উপর কর আরোপ।**—(১) ইমারত নির্মাণ এবং পুনঃনির্মাণের আবেদনের উপর নিম্নবর্ণিত হারে কর আরোপ করা যাইবে, যথা ঃ—

| নং | বিষয় | কর হার |
|---|---|---|
| ১ | ২ | ৩ |
| (১) | সীমানা প্রাচীর (পাকা) | ১০০ বর্গফুট পর্যন্ত ২০০.০০ টাকা এবং পরবর্তী প্রতি বর্গফুটের জন্য ০.৫০ টাকা। |
| (২) | অস্থায়ী কাঁচা স্থাপনা (প্রতিটি) | ২৫০.০০ টাকা। |
| (৩) | সেমি পাকা (আবাসিক) | ৫০০ বর্গফুট পর্যন্ত ৩৫০.০০ টাকা এবং পরবর্তী প্রতি বর্গফুটের জন্য ০.৫০ টাকা। |
| (৪) | সেমি পাকা (বাণিজ্যিক) | ৫০০ বর্গফুট পর্যন্ত ৭০০.০০ টাকা এবং পরবর্তী প্রতি বর্গফুটের জন্য ১.০০ টাকা। |
| (৫) | পাকা ইমারত (আবাসিক) | ৫০০ বর্গফুট পর্যন্ত ৫০০.০০ টাকা এবং পরবর্তী প্রতি বর্গফুটের জন্য ০.৬০ টাকা। |
| (৬) | পাকা ইমারত (বাণিজ্যিক) | ৫০০ বর্গফুট পর্যন্ত ১০০০.০০ টাকা এবং পরবর্তী প্রতি বর্গফুটের জন্য ১.২০ টাকা। |

(২) প্রাকৃতিক দুর্যোগের কারণে ক্ষতিগ্রস্থ কোন ইমারত পুনঃনির্মাণের আবেদনের উপর এই কর আরোপ করা যাইবে না।

(৩) কোন ধর্মীয় প্রতিষ্ঠান/উপাসনালয়ের নির্মাণ এবং পুনঃনির্মাণের আবেদনের ক্ষেত্রে এই কর আরোপ করা যাইবে না।

৭। **পেশা, ব্যবসা-বাণিজ্য এবং জীবিকা-বৃত্তির উপর কর আরোপ।**—পেশা, ব্যবসা-বাণিজ্য এবং জীবিকা-বৃত্তির উপর প্রতি বৎসর নিম্নবর্ণিত হারে কর আরোপ করা যাইবে, যথা ঃ—

(১) **লিমিটেড কোম্পানী ঃ**

| | | |
|---|---|---|
| (ক) পরিশোধিত মূলধন | ১,০০,০০০ টাকা পর্যন্ত | ১০০০.০০ টাকা |
| (খ) পরিশোধিত মূলধন | ১,০০,০০০ টাকার অধিক হইতে ৫,০০,০০০ টাকা পর্যন্ত | ১,৫০০.০০ টাকা |
| (গ) পরিশোধিত মূলধন | ৫,০০,০০০ টাকার অধিক কিন্তু ১০,০০,০০০ টাকা পর্যন্ত | ২,০০০.০০ টাকা |
| (ঘ) পরিশোধিত মূলধন | ১০,০০,০০০ টাকার অধিক কিন্তু ২৫,০০,০০০ টাকা পর্যন্ত | ২,৫০০.০০ টাকা |
| (ঙ) পরিশোধিত মূলধন | ২৫,০০,০০০ টাকার অধিক কিন্তু ৫০,০০,০০০ টাকা পর্যন্ত | ৩,০০০.০০ টাকা |
| (চ) পরিশোধিত মূলধন | ৫০,০০,০০,০০০ টাকার অধিক কিন্তু ১,০০,০০,০০০ টাকা পর্যন্ত | ৪,০০০.০০ টাকা |
| (ছ) পরিশোধিত মূলধন | ১,০০,০০,০০০ টাকার অধিক কিন্তু ৫,০০,০০,০০০ টাকা পর্যন্ত | ৫,০০০.০০ টাকা |
| (জ) পরিশোধিত মূলধন | ৫,০০,০০,০০০ টাকা অধিক | ১০,০০০.০০ টাকা |

(২) **ব্যাংক, বীমা ও আর্থিক প্রতিষ্ঠান ঃ**

| | |
|---|---|
| (ক) তফসিলী ব্যাংক | ২,০০০.০০ টাকা |
| (খ) বীমা | ১,০০০.০০ টাকা |
| (গ) ঋণ দান প্রতিষ্ঠান/মানি লেন্ডার | ১,২০০.০০ টাকা |
| (ঘ) মানি এক্সচেঞ্জ | ১,২০০.০০ টাকা |
| (ঙ) শেয়ার ক্রয়-বিক্রয় প্রতিষ্ঠান | ১,০০০.০০ টাকা |
| (চ) এন, জি, ও (ব্যবসায়িক প্রতিষ্ঠান হইলে) | ১,০০০.০০ টাকা |

| | | |
|---|---|---|
| (৩) | শিক্ষা প্রতিষ্ঠান/ট্রেনিং সেন্টার ঃ | |
| | (ক) বেসরকারী বিশ্ববিদ্যালয় | ১,৫০০.০০ টাকা |
| | (খ) বেসরকারী কলেজ/স্কুল | ৭৫০.০০ টাকা |
| | (গ) কিন্ডার গার্টেন স্কুল | ৭৫০.০০ টাকা |
| | (ঘ) ট্রেনিং সেন্টার | ৩০০.০০ টাকা |
| | (ঙ) কোচিং সেন্টার | ৫০০.০০ টাকা |
| (৪) | ঠিকাদার ঃ | |
| | (ক) বিশেষ শ্রেণীর ঠিকাদার | ২,০০০.০০ টাকা |
| | (খ) প্রথম শ্রেণীর ঠিকাদার | ১,৫০০.০০ টাকা |
| | (গ) দ্বিতীয় শ্রেণীর ঠিকাদার | ১,০০০.০০ টাকা |
| | (ঘ) তৃতীয় শ্রেণীর ঠিকাদার | ৫০০.০০ টাকা |
| | (ঙ) সরবরাহকারী | ৫০০.০০ টাকা |
| (৫) | বিল্ডার্স/ডেভলপার্স/রিয়েল এস্টেট | ২,৫০০.০০ টাকা |
| (৬) | ইন্ডেন্টিং এবং কমিশন এজেন্ট | ১,০০০.০০ টাকা |
| (৭) | ক্লিয়ারিং ও ফরওয়ার্ডিং এজেন্ট | ১,২০০.০০ টাকা |
| (৮) | ট্রাভেলিং এজেন্ট | ১,০০০.০০ টাকা |
| (৯) | রিক্রুটিং এজেন্ট | ১,০০০.০০ টাকা |
| (১০) | সকল প্রকার পরিবেশক | ১,০০০.০০ টাকা |
| (১১) | সকল প্রকার আমদানিকারক | ৮০০.০০ টাকা |
| (১২) | সকল প্রকার রপ্তানীকারক | ৬০০.০০ টাকা |
| (১৩) | টেক্সটাইল (লিমিটেড কোম্পানী না হইলে) | ১,৫০০.০০০ টাকা |
| (১৪) | জুটমিল (লিমিটেড কোম্পানী না হইলে) | ১,৫০০.০০ টাকা |
| (১৫) | আয়রণ এন্ড স্টীল মিল (লিমিটেড কোম্পানী না হইলে) | ১,৫০০.০০ টাকা |
| (১৬) | ছ-মিল (লিমিটেড কোম্পানী না হইলে), করাত কল | ১,০০০.০০ টাকা |

| | | |
|---|---|---|
| (১৭) | ট্যানারী কারখানা (লিমিটেড কোম্পানী না হইলে) | ১,৫০০.০০ টাকা |
| (১৮) | গার্মেন্টস ফ্যাক্টরী (লিমিটেড কোম্পানী না হইলে) | ২,০০০.০০ টাকা |
| (১৯) | ফার্মাসিউটিক্যাল ফ্যাক্টরী (লিমিটেড কোম্পানী না হইলে) | ১,৫০০.০০ টাকা |
| (২০) | ক্যামিক্যাল ফ্যাক্টরী (লিমিটেড কোম্পানী না হইলে) | ১,০০০.০০ টাকা |
| (২১) | ব্রেড এন্ড বিস্কুট ফ্যাক্টরী (লিমিটেড কোম্পানী না হইলে) | ৫০০.০০ টাকা |
| (২২) | জেম/জেলী/আচার/স্কোয়াশ ফ্যাক্টরী (লিমিটেড কোম্পানী না হইলে) | ৫০০.০০ টাকা |
| (২৩) | লজেন্স ফ্যাক্টরী (লিমিটেড কোম্পানী না হইলে) | ৫০০.০০ টাকা |
| (২৪) | কোল্ড স্টোরেজ (লিমিটেড কোম্পানী না হইলে) | ১,০০০.০০ টাকা |
| (২৫) | বেভারেজ (লিমিটেড কোম্পানী না হইলে) | ৭৫০.০০ টাকা |
| (২৬) | বরফকল/আইসক্রীম ফ্যাক্টরী (লিমিটেড কোম্পানী না হইলে) | ৭৫০.০০ টাকা |
| (২৭) | মিনারেল ওয়াটার কারখানা (লিমিটেড কোম্পানী না হইলে) | ৬০০.০০ টাকা |
| (২৮) | টোব্যাকো ফ্যাক্টরী (লিমিটেড কোম্পানী না হইলে) | ২,০০০.০০ টাকা |
| (২৯) | চাউল, ডাল, আটা, সেমাই, মশল্লা ভাঙ্গা, ময়দার কল (অটোমেটিক ব্যতীত) (লিমিটেড কোম্পানী না হইলে) | ৫০০.০০ টাকা |
| (৩০) | চাউল, ডাল, আটা, সেমাই, মশল্লা ভাঙ্গার কল, ময়দার কল (অটোমেটিক) (লিমিটেড কোম্পানী না হইলে) | ৭৫০.০০ টাকা |
| (৩১) | তেল মিল (লিমিটেড কোম্পানী না হইলে) | ৫০০.০০ টাকা |
| (৩২) | ঢালাই কারখানা (লিমিটেড কোম্পানী না হইলে) | ৫০০.০০ টাকা |
| (৩৩) | মেটালিক (লিমিটেড কোম্পানী না হইলে) | ৫০০.০০ টাকা |
| (৩৪) | মশার কয়েল ফ্যাক্টরী (লিমিটেড কোম্পানী না হইলে) | ৫০০.০০ টাকা |
| (৩৫) | মোমবাতি/আগরবাতি/জর্দা প্রস্তুতকারক (লিমিটেড কোম্পানী না হইলে) | ৫০০.০০ টাকা |
| (৩৬) | সিরামিক সামগ্রী তৈরীর কারখানা (লিমিটেড কোম্পানী না হইলে) | ২,০০০.০০ টাকা |

(৩৭) ওয়ার্কশপ ঃ

| | |
|---|---|
| (ক) ইঞ্জিনিয়ারিং ওয়ার্কশপ | ১,০০০.০০ টাকা |
| (খ) মটর ওয়ার্কসপ | ৮০০.০০ টাকা |
| (গ) ওয়েল্ডিং | ৫০০.০০ টাকা |
| (ঘ) রেফ্রিজারেটর/এয়ারকুলার মেরামত | ৭০০.০০ টাকা |
| (ঙ) ভলকানাইজিং | ৫০০.০০ টাকা |

(৩৮) রেস্তোরাঁ/কফি সপ ঃ

| | |
|---|---|
| (ক) রেস্তোরাঁ (শিতাতপ নিয়ন্ত্রিত) | ১,০০০.০০ টাকা |
| (খ) রেস্তোরাঁ (শিতাতপ বিহীন) | ৫০০.০০ টাকা |
| (গ) ভ্রাম্যমান রেস্তোরাঁ (ভ্রাম্যমান যান্ত্রিক গাড়ী) | ১০০.০০ টাকা |
| (ঘ) হোটেল এন্ড রেস্টুরেন্ট | ৫০০.০০ টাকা |

(৩৯) মিষ্টির দোকান ঃ

| | |
|---|---|
| (ক) মিষ্টির দোকান (বড়) | ৭৫০.০০ টাকা |
| (খ) মিষ্টির দোকান (ছোট) | ৫০০.০০ টাকা |

(৪০) কনফেকশনারী ঃ

| | |
|---|---|
| (ক) বড় | ৫০০.০০ টাকা |
| (খ) ছোট | ৩০০.০০ টাকা |

(৪১) ফাস্ট ফুড সপ ঃ

| | |
|---|---|
| (ক) বড় | ৫০০.০০ টাকা |
| (খ) ছোট | ৩০০.০০ টাকা |

| | |
|---|---|
| (৪২) আইসক্রীম সপ | ৩০০.০০ টাকা |

(৪৩) আবাসিক হোটেল ঃ

| | |
|---|---|
| (ক) পাঁচতারা হোটেল (কেন্দ্রীয়ভাবে শীতাতপ নিয়ন্ত্রিত) | ১৫,০০০.০০ টাকা |
| (খ) তিন তারা হোটেল (কেন্দ্রীয়ভাবে শীতাতপ নিয়ন্ত্রিত) | ১২,০০০.০০ টাকা |
| (গ) একতারা হোটেল (কেন্দ্রীয়ভাবে শীতাতপ নিয়ন্ত্রিত) | ১০,০০০.০০ টাকা |
| (ঘ) আবাসিক হোটেল (শীতাতপ নিয়ন্ত্রিত) | ৬,০০০.০০ টাকা |
| (ঙ) আবাসিক হোটেল (শীতাতপ নিয়ন্ত্রিত) (আংশিক) | ৪,০০০.০০ টাকা |

| | | |
|---|---|---|
| | (চ) আবাসিক হোটেল (শীতাতপ বিহীন) | ৩,০০০.০০ টাকা |
| | (ছ) গেষ্ট হাউজ/রেষ্ট হাউজ (শীতাতপ নিয়ন্ত্রিত) | ৪,০০০.০০ টাকা |
| | (জ) গেষ্ট হাউজ/রেষ্ট হাউজ (শীতাতপ বিহীন) | ২,০০০.০০ টাকা |
| | (ঝ) টিনসেড আবাসিক হোটেল | ১,০০০.০০ টাকা |
| (৪৪) | **সিনেমা হল ঃ** | |
| | (ক) সিনেমা হল (শীতাতপ নিয়ন্ত্রিত) | ১,২০০.০০ টাকা |
| | (খ) সিনেমা হল (শীতাতপ বিহীন) | ১,০০০.০০ টাকা |
| (৪৫) | **কমিউনিটি সেন্টার ঃ** | |
| | (ক) শীতাতপ নিয়ন্ত্রিত | ১,০০০.০০ টাকা |
| | (খ) শীতাতপ বিহীন | ৭৫০.০০ টাকা |
| (৪৬) | **ডেকোরেটর ঃ** | |
| | (ক) ইলেকট্রিক | ৭৫০.০০ টাকা |
| | (খ) সাধারণ (বড়) | ৭০০.০০ টাকা |
| | (গ) সাধারণ (ছোট) | ৫০০.০০ টাকা |
| (৪৭) | **যান্ত্রিক যানবাহন/পরিবহন ঃ** | |
| | (ক) কেরিয়ার | ৫০০.০০ টাকা |
| | (খ) বাস/ট্রাক/ট্যাংকার | ৫০০.০০ টাকা |
| | (গ) মিনিবাস | ৪০০.০০ টাকা |
| | (ঘ) মিনি ট্রাক/হিউম্যান হলার | ৫০০.০০ টাকা |
| | (ঙ) মাইক্রোবাস | ৫০০.০০ টাকা |
| | (চ) ট্যাক্সি/ট্যাক্সি ক্যাব/কার | ৫০০.০০ টাকা |
| | (ছ) টেম্পু | ২০০.০০ টাকা |
| | (জ) বেবী টেক্সি | ১৫০.০০ টাকা |
| | (ঝ) মিশুক | ১০০.০০ টাকা |
| | (ঞ) পরিবহন এজেন্সী/মাল বহনকারী ঠিকাদার | ১,৫০০.০০ টাকা |
| (৪৮) | **অটোমোবাইল মেরামতের দোকান/ওয়ার্কসপ ঃ** | |
| | (ক) বড় | ৫০০.০০ টাকা |
| | (খ) ছোট | ৪০০.০০ টাকা |

(৪৯) দর্জির দোকান ঃ

| | |
|---|---|
| (ক) বড় | ৭৫০.০০ টাকা |
| (খ) মাঝারী | ৫০০.০০ টাকা |
| (গ) ছোট | ৩০০.০০ টাকা |

(৫০) নৌ-যান ঃ

| | |
|---|---|
| (ক) লঞ্চ | ১,০০০.০০ টাকা |
| (খ) যান্ত্রিক কার্গো বোট (১০ অশ্ব শক্তি ধারণ ক্ষমতাসম্পন্ন) | ৫০০.০০ টাকা |
| (গ) যান্ত্রিক কার্গো বোট (৩০ অশ্ব শক্তি ধারণ ক্ষমতাসম্পন্ন) | ৫০০.০০ টাকা |
| (ঘ) যান্ত্রিক কার্গো বোট (৩০ অশ্ব শক্তির উর্ধ্বে ধারণ ক্ষমতা-সম্পন্ন) | ১,০০০.০০ টাকা |
| (ঙ) কার্গো (৫০০ কেজি হইতে ১০০০ কেজি পর্যন্ত ধারণ ক্ষমতা-সম্পন্ন) | ১০০.০০ টাকা |
| (চ) কার্গো (১০০০ কেজি হইতে ৫০০০ কেজি পর্যন্ত ধারণ ক্ষমতাসম্পন্ন) | ২০০.০০ টাকা |
| (ছ) কার্গো (৫০০০ কেজি হইতে তদুর্ধ্ব ধারণ ক্ষমতাসম্পন্ন) | ৩০০.০০ টাকা |
| (জ) অযান্ত্রিক নৌকা | ৫০.০০ টাকা |

(৫১) আড়ত ঃ

| | |
|---|---|
| (ক) ধান/চাউল/ডাল/মাছ/তৈল/ময়দা/আটা/মরিচ/গুড়ের আড়ত | ৫০০.০০ টাকা |
| (খ) পিয়াজ/আদা/রসুন/আলুর আড়ত | ৫০০.০০ টাকা |
| (গ) ইট/বালু/সিমেন্ট | ১,০০০.০০ টাকা |
| (ঘ) ফল/কাঁচামাল | ৫০০.০০ টাকা |
| (ঙ) হাঁস/মুরগী | ৩০০.০০ টাকা |
| (চ) চামড়া | ৫০০.০০ টাকা |
| (ছ) মৎস্য আড়ত/কমিশন এজেন্ট | ১,০০০.০০ টাকা |
| (জ) জমি ক্রয় বিক্রয়ের ব্রকার | ৭৫০.০০ টাকা |
| (ঝ) পাট/ধান স্টোন ইত্যাদির ব্রকার | ৫০০.০০ টাকা |

| | | | |
|---|---|---|---|
| (৫২) | ফার্নিচার ঃ | | |
| | (ক) | থাই এ্যালুমিনিয়াম | ১,০০০.০০ টাকা |
| | (খ) | কাঠ/ স্টীল/ বেত (বড়) | ৭০০.০০ টাকা |
| | (গ) | কাঠ/ স্টীল/ বেত (ছোট) | ৫০০.০০ টাকা |
| (৫৩) | পারটেক্স / প্লাস্টিক/ প্লাই উড | | ১,০০০.০০ টাকা |
| (৫৪) | হার্ডওয়ার ঃ | | |
| | (ক) | রং (এজেন্সী) | ৭৫০.০০ টাকা |
| | (খ) | রং (খুচরা) | ৫০০.০০ টাকা |
| | (গ) | অন্যান্য হার্ডওয়ার সামগ্রী | ৬০০.০০ টাকা |
| | (ঘ) | মোজাইক | ৮০০.০০ টাকা |
| | (ঙ) | সেনেটারী ওয়ার | ৮০০.০০ টাকা |
| (৫৫) | পাইকারী বিক্রেতা ঃ | | |
| | (ক) | কাপড় (শাড়ী/থান) | ৭৫০.০০ টাকা |
| | (খ) | তৈরী পোষাক | ৭৫০.০০ টাকা |
| | (গ) | চাল/ডাল/ময়দা/আটা/চিনি/তৈল/দুধ | ৫০০.০০ টাকা |
| | (ঘ) | কসমেটিক্স/স্টেশনারী | ৬০০.০০ টাকা |
| | (ঙ) | লৌহজাত দ্রব্যাদি | ৭৫০.০০ টাকা |
| | (চ) | পুরাতন লৌহজাত দ্রব্যাদি | ৫০০.০০ টাকা |
| (৫৬) | তৈজসপত্র ঃ | | |
| | (ক) | সিরামিক | ৭৫০.০০ টাকা |
| | (খ) | মেলামাইন | ৭৫০.০০ টাকা |
| | (গ) | এ্যালুমিনিয়াম | ৫০০.০০ টাকা |
| | (ঘ) | পিতল | ২৫০.০০ টাকা |
| (৫৭) | বিউটি পার্লার ঃ | | |
| | (ক) | শীতাতপ নিয়ন্তিত | ৭৫০.০০ টাকা |
| | (খ) | শীতাতপ বিহীন | ৫০০.০০ টাকা |
| (৫৮) | হেয়ার ড্রেসিং সেলুন ঃ | | |
| | (ক) | শীতাতপ নিয়ন্ত্রিত | ৫০০.০০ টাকা |
| | (খ) | শীতাতপ বিহীন | ২০০.০০ টাকা |

| | | |
|---|---|---|
| (৫৯) | অলংকার / শো পিস ঃ | |
| (ক) | জুয়েলারী (শো রুমসহ) | ১,৫০০.০০ টাকা |
| (খ) | জুয়েলারী (শো রুম ছাড়া) | ৮০০.০০ টাকা |
| (গ) | রৌপ্য (শো রুমসহ) | ৪০০.০০ টাকা |
| (ঘ) | রৌপ্য (শো রুম ছাড়া) | ২৫০.০০ টাকা |
| (ঙ) | এমিটেশন | ৬০০.০০ টাকা |
| (চ) | অলংকার নির্মাতা (কর্মকার) | ৬০০.০০ টাকা |
| (ছ) | বিভিন্ন প্রকার শো পিস | ৫০০.০০ টাকা |
| (৬০) | চলচ্চিত্র নির্মাতা প্রতিষ্ঠান ঃ | |
| (ক) | পূর্ণ দৈর্ঘ্য চলচ্চিত্র নির্মাতা প্রতিষ্ঠান | ১,৫০০.০০ টাকা |
| (খ) | স্বল্প দৈর্ঘ চলচ্চিত্র নির্মাতা প্রতিষ্ঠান | ৭৫০.০০ টাকা |
| (গ) | প্যাকেজ নাটক নির্মাতা প্রতিষ্ঠান | ৭৫০.০০ টাকা |
| (ঘ) | বিজ্ঞাপন নির্মাতা প্রতিষ্ঠান | ৭৫০.০০ টাকা |
| (৬১) | প্রিন্টিং / প্যাকেজিং ঃ | |
| (ক) | প্রেস (অটোমেটিক) | ১,৫০০.০০ টাকা |
| (খ) | প্যাকেজিং | ৭৫০.০০ টাকা |
| (গ) | হস্তচালিত প্রেস | ৫০০.০০ টাকা |
| (৬২) | লাইব্রেরী ঃ | |
| (ক) | বড় | ১,০০০.০০ টাকা |
| (খ) | মাঝারী | ৭৫০.০০ টাকা |
| (গ) | ছোট | ৫০০.০০ টাকা |
| (৬৩) | বিভিন্ন প্রকার কার্ড/ পোস্টার বিক্রেতা | ৭৫০.০০ টাকা |
| (৬৪) | স্টেশনারী সামগ্রী | ৫০০.০০ টাকা |
| (৬৫) | ফটোস্ট্যাট/ এমোনিয়া প্রিন্ট | ৫০০.০০ টাকা |
| (৬৬) | ফটো স্টুডিও/ ল্যাব ঃ | |
| (ক) | ফটো স্টুডিও (ল্যাবঃ) | ১,৫০০.০০ টাকা |
| (খ) | ফটো স্টুডিও (বড়) | ৫০০.০০ টাকা |
| (গ) | ফটো স্টুডিও (ছোট) | ৩০০.০০ টাকা |

(৬৭) বিবিধ ছোট প্রতিষ্ঠান / দোকান ঃ

| | | |
|---|---|---|
| (ক) | ভিডিও গেমসের দোকান | ৫০০.০০ টাকা |
| (খ) | ভিডিও/ ভিসিডি/ সিডি/ অডিও ক্যাসেট | ৫০০.০০ টাকা |
| (গ) | বাদ্যযন্ত্র | ৩০০.০০ টাকা |
| (ঘ) | টক দই/ মালাই/ মাওয়া | ৩০০.০০ টাকা |
| (ঙ) | শস্য বীজ | ২০০.০০ টাকা |
| (চ) | কুরিয়ার সার্ভিস | ৭৫০.০০ টাকা |
| (ছ) | ডিস এন্টেনা | ৭৫০.০০ টাকা |
| (জ) | ইন্টারনেট/ সাইবার ক্যাফে | ৭,৫০০.০০ টাকা |
| (ঝ) | ফোন / ফ্যাক্স/ পিএবিএক্স | ৫০০.০০ টাকা |
| (ঞ) | গ্লাস/ ছবি বাঁধাই দোকান | ৫০০.০০ টাকা |
| (ট) | মৃৎ পাত্র | ১০০.০০ টাকা |
| (ঠ) | কার্পেট | ৫০০.০০ টাকা |
| (ড) | পান - সুপারী | ১০০.০০ টাকা |
| (ঢ) | গো/হাঁস-মুরগী খাদ্য | ২৫০.০০ টাকা |
| (ণ) | সিকিউরিটিস সার্ভিস | ১,০০০.০০ টাকা |
| (ত) | ডেইরী | ৭৫০.০০ টাকা |
| (থ) | পোল্ট্রি ফার্ম | ৫০০.০০ টাকা |
| (দ) | ঘড়ির দোকান | ৫০০.০০ টাকা |
| (ধ) | খেলাধুলার সামগ্রী | ৫০০.০০ টাকা |
| (ন) | রেস্টুরেন্ট | ৫০০.০০ টাকা |

(৬৮) এম.এস রড / সিমেন্ট/এ্যাংগেল দোকান/ এজেন্ট ঃ

| | | |
|---|---|---|
| (ক) | বড় | ১,০০০.০০ টাকা |
| (খ) | ছোট | ৭৫০.০০ টাকা |

(৬৯) নিত্যসামগ্রী খুচরা দোকান ঃ

| | | |
|---|---|---|
| (ক) | মাছ/ মাংস/ মুরগী/ ডিম | ২০০.০০ টাকা |
| (খ) | তরিতরকারী | ২০০.০০ টাকা |
| (গ) | গুড়/ চিড়া/ মুড়ি | ২০০.০০ টাকা |
| (ঘ) | মুদি (বড়) | ১,০০০.০০ টাকা |
| (ঙ) | মুদি (ছোট) | ৪০০.০০ টাকা |

| | | |
|---|---|---|
| (৭০) | রেডিমেড গার্মেন্টস পোষাক | ৫০০.০০ টাকা |
| (৭১) | শাড়ী / থান কাপড় ঃ | |
| | (ক) শাড়ী, থান কাপড় / রেডিমেড গার্মেন্টস (একত্রে) বড় | ১,০০০.০০ টাকা |
| | (খ) শাড়ী, থান কাপড়/ রেডিমেড গার্মেন্টস (একত্রে) ছোট | ৭০০.০০ টাকা |
| (৭২) | জুতার দোকান ঃ | |
| | (ক) বড় | ৭৫০.০০ টাকা |
| | (খ) ছোট | ৫০০.০০ টাকা |
| (৭৩) | ফলের দোকান | ২০০.০০ টাকা |
| (৭৪) | চা-পান দোকান | ২০০.০০ টাকা |
| (৭৫) | নার্সারী | ২০০.০০ টাকা |
| (৭৬) | ফুল বিক্রেতা | ৩০০.০০ টাকা |
| (৭৭) | চামড়ার সুটক্যাস/ ব্যাগ | ৭৫০.০০ টাকা |
| (৭৮) | ওয়ার হাউজ/ বায়িং হাউজ | ১,০০০.০০ টাকা |
| (৭৯) | ডিপার্টমেন্টাল স্টোর ঃ | |
| | (ক) বড় | ১,২০০.০০ টাকা |
| | (খ) মাঝারী | ৮০০.০০ টাকা |
| | (গ) ছোট | ৫০০.০০ টাকা |
| (৮০) | লন্ড্রি ঃ | |
| | (ক) বড় | ৭৫০.০০ টাকা |
| | (খ) ছোট | ৩০০.০০ টাকা |
| (৮১) | মটর পার্টস/ লুব্রিকেন্ট | ৭৫০.০০ টাকা |
| (৮২) | টায়ার-টিউব | ৫০০.০০ টাকা |
| (৮৩) | (ক) ব্যাটারী | ৫০০.০০ টাকা |
| | (খ) ব্যাটারী চার্জ | ৩০০.০০ টাকা |

(৮৪) বেডিং স্টোর ঃ

(ক) বড় ৭৫০.০০ টাকা

(খ) ছোট ৫০০.০০ টাকা

(৮৫) টিভি, ফ্রিজ এবং অন্যান্য ইলেকট্রিক এর সামগ্রীর দোকান / এজেন্সী ঃ

(ক) টিভি, ফ্রিজ এবং অন্যান্য ইলেকট্রিক এর সামগ্রীর দোকান (এজেন্সীপ্রাপ্ত) ১,০০০.০০ টাকা

(খ) বড় (এজেন্সী বাদে) ৭৫০.০০ টাকা

(গ) ছোট (এজেন্সী বাদে) ৫০০.০০ টাকা

(৮৬) বৈদ্যুতিক সরঞ্জাম ঃ

(ক) বৈদ্যুতিক সরঞ্জাম তৈরীর কারখানা (লিমিটেড কোম্পানী না হইলে) ৩,০০০.০০ টাকা

(খ) বিক্রয়ের দোকান (বড়) ৭০০.০০ টাকা

(গ) বিক্রয়ের দোকান (মাঝারী) ৫০০.০০ টাকা

(ঘ) বিক্রয়ের দোকান (ছোট) ৩০০.০০ টাকা

(ঙ) বৈদ্যুতিক খুঁটি (প্রতিটি)/টেলিফোন খুঁটি (প্রতিটি) ৩০.০০ টাকা

(৮৭) মেশিন টুলস এন্ড ইকুপমেন্ট ৮০০.০০ টাকা

(৮৮) মটর ভেহিক্যাল বিক্রেতা / শো রুম ১,০০০.০০ টাকা

(৮৯) বাই-সাইকেল বিক্রেতা ৫০০.০০ টাকা

(৯০) বাই-সাইকেল পার্টস বিক্রেতা ৪০০.০০ টাকা

(৯১) রেকসিন ৩০০.০০ টাকা

(৯২) ফোম ৫০০.০০ টাকা

(৯৩) ঢেউটিন ৬০০.০০ টাকা

(৯৪) প্লেন শীট ৬০০.০০ টাকা

(৯৫) পেট্রোল পাম্প / সিএনজি স্টেশন ১,২০০.০০ টাকা

(৯৬) এলপি গ্যাস বিক্রেতা ৫০০.০০ টাকা

(৯৭) এ্যাকুরিয়াম মাছ / পশু/ পাখি বিক্রেতা ৩০০.০০ টাকা

(৯৮) ফার্মেসী ঃ

(ক) বড় ১,০০০.০০ টাকা

(খ) ছোট ৬০০.০০ টাকা

(গ) হোমিও ৩০০.০০ টাকা

(ঘ) হোমিওপ্যাথিক চিকিৎসক ৩০০.০০ টাকা

(৯৯) চশমার দোকান ঃ

(ক) বড় ৫০০.০০ টাকা

(খ) ছোট ৩০০.০০ টাকা

(১০০) বাঁধাই কারখানা ঃ

(ক) মেশিনসহ ২০০.০০ টাকা

(খ) মেশিন ছাড়া ১০০.০০ টাকা

(১০১) সুতার ব্যবসায়ী / পরিবেশক (পাইকারী) ঃ

(ক) বড় ৭৫০.০০ টাকা

(খ) ছোট ৪০০.০০ টাকা

(১০২) (ক) সংবাদপত্র/বই স্টল ২০০.০০ টাকা

(খ) সংবাদপত্র এজেন্সী ৭০০.০০ টাকা

(১০৩) নিম্নে উল্লিখিত শয্যাবিশিষ্ট বেসরকারী স্বাস্থ্য ক্লিনিক বা নার্সিং হোম ঃ

(ক) ৪০ শয্যার উর্দ্ধে ১৫,০০০.০০ টাকা

(খ) ৩১ শয্যা হইতে ৪০ শয্যা পর্যন্ত ১২,০০০.০০ টাকা

(গ) ২১ শয্যা হইতে ৩০ শয্যা পর্যন্ত ৭,৫০০.০০ টাকা

(ঘ) ১ শয্যা হইতে ২০ শয্যা পর্যন্ত ৫,০০০.০০ টাকা

(১০৪) মেডিক্যাল ডায়াগনস্টিক সেন্টার / ল্যাবরেটরী ঃ

(ক) বড় ১০,০০০.০০ টাকা

(খ) মাঝারী ৭,৫০০.০০ টাকা

(গ) ছোট ৫,০০০.০০ টাকা

(১০৫) স্থাপত্য / প্রকৌশল ফার্ম ২,০০০.০০ টাকা

(১০৬) প্রকৌশলী, চিকিৎসক, দন্ত চিকিৎসক (স্ব-নিয়োজিত) ঃ

| | | | |
|---|---|---|---|
| (ক) | যাহার আয় আয়কর প্রদান যোগ্য | | ১,০০০.০০ টাকা |
| (খ) | যাহার আয় আয়কর প্রদান যোগ্য নয় | | ৫০০.০০ টাকা |

(১০৭) আইন ব্যবসায়ী (স্ব-নিয়োজিত) ঃ

| | | | |
|---|---|---|---|
| (ক) | এ্যাডভোকেট | - | ৫০০.০০ টাকা |
| (খ) | সলিসিটর ফার্ম/ আইন উপদেষ্টা ফার্ম | - | ১,০০০.০০ টাকা |

(১০৮) পুরাতন কাপড়ের দোকান ঃ

| | | | |
|---|---|---|---|
| (ক) | বড় | - | ২৫০.০০ টাকা |
| (খ) | ছোট | - | ১০০.০০ টাকা |

(১০৯) রেক্টিফায়েড স্পিরিটের দোকান - ৪,০০০.০০ টাকা

(১১০) রিক্সা ও রিক্সাভ্যান তৈরীর কারখানা ঃ

| | | | |
|---|---|---|---|
| (ক) | বড় | - | ৫০০.০০ টাকা |
| (খ) | ছোট | - | ৩০০.০০ টাকা |

| | | |
|---|---|---|
| (১১১) মদের দোকান | - | ৫,০০০.০০ টাকা |
| (১১২) সাইকেল ভাড়ার দোকান | - | ৩০০.০০ টাকা |
| (১১৩) কম্পিউটার বিক্রয় দোকান | - | ৫০০.০০ টাকা |
| (১১৪) (ক) কম্পিউটার কোচিং সেন্টার | - | ৪০০.০০ টাকা |
| (খ) কম্পিউটার কম্পোজ | - | ৪০০.০০ টাকা |
| (১১৫) স্ট্যাম্প ভেন্ডার | - | ১০০.০০ টাকা |
| (১১৬) ফিলিং স্টেশন | - | ১২০০.০০ টাকা |
| (১১৭) মোবাইল ফোন বিক্রেতা/এজেন্সী | - | ১,০০০.০০ টাকা |

(১১৮) সার/কীটনাশক, ঔষধ ঃ

| | | |
|---|---|---|
| (ক) এজেন্সী | - | ১,০০০.০০ টাকা |
| (খ) খুচরা বিক্রেতা | - | ৫০০.০০ টাকা |
| (১১৯) সিরামিক সামগ্রী বিক্রয় | - | ৮০০.০০ টাকা |
| (১২০) ইটের ভাটা | - | ৫,০০০.০০ টাকা |

| | | |
|---|---|---|
| (১২১) পরিবহন এজেন্সী/পরিবহন ঠিকাদার | - | ২,০০০.০০টাকা |
| (১২২) সিগারেট, বিড়ি (পাইকারী/এজেন্সী) | - | ২,০০০.০০ টাকা |
| (১২৩) (ক) চেরাই কাঠের ব্যবসা/বাঁশের চাটাই এর দোকান | - | ৫০০.০০ টাকা |
| (খ) বাঁশের দোকান | - | ৩০০.০০ টাকা |
| (১২৪) কারুপণ্য/হস্তশিল্প ঃ | | |
| (ক) বড় | - | ৫০০.০০ টাকা |
| (খ) ছোট | - | ৩০০.০০ টাকা |
| (১২৫) বেকারী/কারখানা | - | ৫০০.০০ টাকা |
| (১২৬) টিভি পার্টস ও এন্টিনা বিক্রেতা | - | ২৫০.০০ টাকা |
| (১২৭) মৎস্য হেচারী | - | ৩০০.০০ টাকা |
| (১২৮) গার্মেন্টস এক্সেসরীজ ব্যবসা | - | ৩,০০০.০০ টাকা |
| (১২৯) ইট, বালু ও পাথরের ব্যবসা | - | ৫০০.০০ টাকা |
| (১৩০) হেলথ ক্লাব/ফিটনেস ক্লাব | - | ২,০০০.০০ টাকা |
| (১৩১) বন্দুক ক্রয় ও বিক্রয় এবং মেরামতের দোকান | - | ১,০০০.০০ টাকা |
| (১৩২) জ্বালানী তৈল (খুচরা) | - | ৫০০.০০ টাকা |
| (১৩৩) ফুড প্রোডাক্টস | - | ৫০০.০০ টাকা |
| (১৩৪) জ্বালানী কাঠ | - | ৩০০.০০ টাকা |
| (১৩৫) গোল গাছ ক্রয় বিক্রয় | - | ৫০০.০০ টাকা |
| (১৩৬) পাথরচুনা (পাইকারী/খুচরা) | - | ৭৫০.০০ টাকা |
| (১৩৭) (ক) ঘোল-মুড়ি, মিস্টি-দধি, মাখন-ছানা প্রভৃতির দোকান | - | ৪০০.০০ টাকা |
| (খ) ঘোল-মুড়ি | - | ২০০.০০ টাকা |
| (১৩৮) ডুবুরী | - | ৫০০.০০ টাকা |
| (১৩৯) ডকইয়ার্ড (লঞ্চ, কার্গো ইত্যাদি তৈরীর কারখানা) | - | ১,৫০০.০০ টাকা |
| (১৪০) প্লাস্টিক বোতল, কর্ক/পিভিসি পাইপ তৈরীর কারখানা (লিমিটেড কোম্পানী না হইলে) | - | ২,০০০.০০ টাকা |
| (১৪১) কার্টুন,বক্স তৈরীর কারখানা | - | ১,৫০০.০০ টাকা |
| (১৪২) বক্স কার্টুন (হাতে তৈরী) | - | ৩০০.০০ টাকা |

| | |
|---|---|
| (১৪৩) ভাংগারী ও পুরাতন নাট-বোল্ট এর দোকান | ৩০০.০০ টাকা |
| (১৪৪) মাংস বিক্রেতা | ৩০০.০০ টাকা |
| (১৪৫) সুজি, ময়দা, আটা ও বিভিন্ন মশল্লা প্যাকেটজাতকরণ | ৫০০.০০ টাকা |
| (১৪৬) পুরাতন বস্তা | ২০০.০০ টাকা |
| (১৪৭) গুড়া চা (এজেন্সী) | ১,০০০.০০ টাকা |
| (১৪৮) গুড়া চা (খুচরা) | ৪০০.০০ টাকা |
| (১৪৯) ভাতের হোটেল (ছোট) | ৩০০.০০ টাকা |
| (১৫০) মাইক সার্ভিসিং | ১৫০.০০ টাকা |
| (১৫১) ঘড়ি রিপেয়ারিং | ২০০.০০ টাকা |
| (১৫২) খুচরা চাল | ৩০০.০০ টাকা |
| (১৫৩) মটর সাইকেল রিপেয়ারিং সপ | ৩০০.০০ টাকা |
| (১৫৪) (ক) পিভিসি পাইপ (বড়) | ৭০০.০০ টাকা |
| (খ) পিভিসি পাইপ (ছোট) | ৫০০.০০ টাকা |

(১৫৫) পেশা কাজে নিয়োজিত নন এবং ক্রমিক নং (১) হইতে (১৫৪) এ বর্ণিত পেশা ব্যতীত অন্য কোন পেশায় নিয়োজিত অন্য কোন ব্যক্তির উপর নিম্নোক্ত হারে ফি ধার্য করা যাইবে, যথা ঃ—

| | |
|---|---|
| (ক) যে ক্ষেত্রে আয়কর প্রদান করা হয় | ৫০০.০০ টাকা |
| (খ) যে ক্ষেত্রে আয়কর প্রদান করা হয় না | ৩০০.০০ টাকা |

৮। **বিবাহ, দত্তক গ্রহণ, ইত্যাদির উপর কর আরোপ** ঃ— বিবাহ, দত্তক গ্রহণ, জন্ম ও মৃত্যুর সার্টিফিকেট গ্রহণের উপর নিম্নবর্ণিত হারে কর আরোপ করা যাইবে, যথা ঃ—

| | |
|---|---|
| (ক) প্রথম বিবাহ অথবা স্ত্রীর মৃত্যুর পর বিবাহের জন্য | ২৫.০০ টাকা |
| (খ) প্রথম স্ত্রীর জীবদ্দশায় যথাযথ কর্তৃপক্ষের অনুমতিক্রমে ২য় বিবাহের জন্য | ১,০০০.০০ টাকা |
| (গ) প্রথম দুই স্ত্রীর জীবদ্দশায় যথাযথ কর্তৃপক্ষের অনুমতিক্রমে ৩য় বিবাহের জন্য | ৫,০০০.০০ টাকা |
| (ঘ) প্রথম তিন স্ত্রীর জীবদ্দশায় যথাযথ কর্তৃপক্ষের অনুমতিক্রমে ৪র্থ বিবাহের জন্য | ১০,০০০.০০ টাকা |

তবে শর্ত থাকে যে, স্ত্রী যদি পাগল, অক্ষম অথবা বন্ধা হয় তাহা হইলে পরবর্তী বিবাহের জন্য উপ-অনুচ্ছেদ (ক), (খ), (গ) ও (ঘ) তে উল্লিখিত কর প্রযোজ্য হইবে না, শুধুমাত্র নির্ধারিত ফি প্রদান করিতে হইবে যার পরিমাণ হইবে ন্যূনতম ১০০.০০ টাকা।

(ঙ) দত্তক গ্রহণের ক্ষেত্রে প্রতিটি সন্তানের দত্তক গ্রহণের জন্য ৫০.০০ টাকা

(চ) জন্ম ও মৃত্যুর সার্টিফিকেট, প্রতিটির জন্য ১০০.০০ টাকা

৯। **বিজ্ঞাপনের উপর কর আরোপ**।—বিজ্ঞাপনের উপর নিম্নবর্ণিত হারে কর আরোপ করা যাইবে, যথা ঃ—

(ক) সকল প্রকার সাইন বোর্ডের ক্ষেত্রে প্রতি বর্গ ফুট অথবা উহার অংশ বিশেষের জন্য করের হার ঃ-

(১) বেসরকারী জমি এবং ভবনের উপর স্থাপিত অথবা সাঁটিয়া দেওয়া হইলে প্রতি বছর ৫০:০০ টাকা হারে;

(২) সিটি কর্পোরেশনের নিজস্ব জমি বা সরকারী জমির উপর স্থাপিত অথবা সাঁটিয়া দেওয়া হইলে প্রতি বছর ১০০.০০ টাকা হারে ;

(খ) আলোকিত বিজ্ঞাপন অর্থাৎ নিয়ন সাইন, প্লাস্টিক সাইন হইলে প্রতি বর্গফুট অথবা উহার অংশ বিশেষের জন্য ঃ-

(১) বেসরকারী জমি অথবা ভবনের উপর স্থাপিত সাইন বোর্ড সাঁটিয়া দেওয়া হইলে প্রতি বছর ৭৫.০০ টাকা হারে;

(২) সিটি কর্পোরেশনের নিজস্ব জমি বা সরকারী জমির উপর স্থাপিত অথবা সাঁটিয়া দেওয়া হইলে প্রতি বছর ১২৫.০০ টাকা হারে ;

**ব্যাখ্যা ঃ** আলোকিত সংক্রান্ত বিদ্যুৎ ব্যয়সহ সাইন বোর্ড নির্মাণ, তৈরী অথবা স্থাপনের সকল ব্যয় এবং খরচ মালিক অথবা বিজ্ঞাপন দাতা বহন করিবে।

১০। **পোষা জন্তুর উপর কর আরোপ**।—প্রতি বৎসর নিম্নবর্ণিত হারে পোষা জন্তুর উপর কর আরোপ করা যাইবে, যথা ঃ—

| নং | বিষয় | কর হার |
|---|---|---|
| (১) | (২) | (৩) |
| (১) | পোষা কুকুর | - ১০০.০০ টাকা |
| (২) | পোষা হরিণ (আইনানুগ) | - ৩০০.০০ টাকা |

**১১। সিনেমা এবং অডিও ভিজুয়্যাল প্রদর্শনীর উপর কর আরোপ** ।—শিক্ষামূলক অথবা দাতব্য উদ্দেশ্য ব্যতীত সিনেমা ও অডিও ভিজুয়্যাল প্রদর্শনীর সকল ক্ষেত্রে দর্শকদের নিকট হইতে সংগৃহীত প্রবেশ মূল্যের সর্বোচ্চ ১৫% হারে কর আরোপ করা যাইবে।

**১২। মোটর যান ও নৌকা ব্যতীত অন্যান্য যানবাহনের উপর কর আরোপ** ।—মোটরযান এবং যাত্রীবাহী নৌকা ব্যতীত নিম্নবর্ণিত যানবাহনের উপর প্রতি বৎসর নিম্নবর্ণিত হারে কর আরোপ করা যাইবে, যথা ঃ-

| নং | বিষয় | | কর হার |
|---|---|---|---|
| (১) | (২) | | (৩) |
| (১) | রিক্সা মহাজনী নবায়ন ফি | - | ৯০.০০ টাকা |
| (২) | কার্গো ভ্যান (ক-ভ্যান) নবায়ন ফি | - | ৭৫.০০ টাকা |
| (৩) | বক্স ভ্যান (ব-ভ্যান) নবায়ন ফি | - | ২০০.০০ টাকা |
| (৪) | প্রাইভেট রিক্সা নবায়ন ফি | - | ১০০.০০ টাকা |
| (৫) | ঠেলা গাড়ী | - | ৬০.০০ টাকা |
| (৬) | চালক লাইসেন্স নূতন | - | ৩০.০০ টাকা |
| (৭) | চালক লাইসেন্স নবায়ন | - | ১৮.০০ টাকা |
| (৮) | টালী গাড়ী | - | ২৫.০০ টাকা |
| (৯) | গরুর গাড়ী | | ২৫.০০ টাকা |

**১৩। আলোকিতকরণ রেইট** ।—সেবা গ্রহণকারীর নিকট হইতে প্রদত্ত সেবার রক্ষণাবেক্ষণ খরচ বাবদ (রেইট সংগ্রহের আনুপাতিক ব্যয়সহ) সেবা গ্রহণকারীর জমি এবং ভবনের মূল্যের উপর সর্বোচ্চ শতকরা ৩ (তিন) ভাগ হারে আলোকিতকরণ রেইট আদায় করা যাইবে।

**১৪। ওয়াটার ওয়ার্কস এবং পানি সরবরাহ কর** ।—(১) ওয়াটার ওয়ার্কস অথবা পানি সরবরাহের জন্য শুধুমাত্র প্রদত্ত সেবার সংরক্ষণ ব্যয় বাবদ জমি এবং ভবনের বার্ষিক মূল্যের উপর সর্বোচ্চ শতকরা ১০ (দশ) ভাগ হারে কর আরোপ করা যাইবে।

(২) পাইপের মাধ্যমে পানি সরবরাহ করা হইলে, মিটার থাকুক বা না থাকুক, উভয় ক্ষেত্রে, সংযোগ ফি ও পানির রেইট কর্পোরেশন বাই-ল এর মাধ্যমে নির্ধারন করিবে।

**১৫। ময়লা নিষ্কাশন রেইট** ।—সেবা গ্রহণকারীর নিকট হইতে প্রদত্ত সেবার রক্ষণাবেক্ষণ খরচ বাবদ (রেইট সংগ্রহের আনুপাতিক ব্যয়সহ) সেবা গ্রহণকারীর জমি এবং ভবনের মূল্যের উপর সর্বোচ্চ শতকরা ৭ (সাত) ভাগ হারে ময়লা নিষ্কাশন রেইট আদায় করা যাইবে।

১৬। **মেলা, কৃষি প্রদর্শনী, শিল্প প্রদর্শনী এবং অন্যান্য জনসমাবেশের ফি।**—কর্পোরেশনের এলাকায় বাণিজ্যিক উদ্দেশ্যে আয়োজিত বাণিজ্য মেলা বা অন্য কোন মেলা, কৃষি প্রদর্শনী, শিল্প প্রদর্শনী এবং উক্ত মেলা বা প্রদর্শনীর অনুরূপ কোন জনসমাবেশের জন্য উক্ত মেলা বা প্রদর্শনীর আয়োজনকারী কর্তৃপক্ষ কর্তৃক নির্দিষ্ট স্থানে প্রবেশের জন্য নির্ধারিত প্রবেশ মূল্যের উপর অনধিক শতকরা ৫(পাঁচ) ভাগ হারে ফি আদায় করা যাইবে।

১৭। **পশু জবাই ফিস।**—বাণিজ্যিক অথবা ব্যবসায়িক উদ্দেশ্যে পশু জবাই করা হইলে নিম্নবর্ণিত হারে পশু জবাই ফি ধার্য করা যাইবে, যথা ঃ-

| নং | বিষয় | কর হার |
|---|---|---|
| (১) | (২) | (৩) |
| (১) | প্রতিটি ছাগল অথবা ভেড়ার জন্য | - ১০.০০ টাকা |
| (২) | প্রতিটি গরুর জন্য | - ৩০.০০ টাকা |
| (৩) | প্রতিটি মহিষের জন্য | - ৫০.০০ টাকা |

১৮। **তফসিলের প্রাধান্য।**—আইনের অধীনে প্রণীত অন্য কোন Schedule এ যাহা কিছুই থাকুক না কেন, কর্পোরেশনের ক্ষেত্রে এই তফসিল প্রযোজ্য হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**এ এইচ এম আবুল কাসেম**
সচিব।

মোঃ নূর-নবী (উপ-সচিব), উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আমিন জুবেরী আলম, উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত।